



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রাতিষ্ঠানিক ই-মেইল আইডি প্রদানের উদ্বোধন,
শিক্ষার্থীদের স্মার্ট আইডি কার্ড হস্তান্তর এবং বিশ্ববিদ্যালয়ের সাথে গ্রামীন ফোনের সমঝোতা চুক্তি স্বাক্ষরিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ৩ ডিসেম্বর ২০২০।

প্রাতিষ্ঠানিক ই-মেইল আইডি এবং স্মার্ট আইডি কার্ড পাচ্ছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। অদ্য ০৩ ডিসেম্বর ২০২০ তারিখ দুপুর ১২ টায় উপাচার্য মহোদয়ের কক্ষে প্রাথমিক ভাবে মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগ, কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগ ও সিএসই বিভাগের চেয়ারম্যানদের হাতে ই-মেইল আইডি প্রদানের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য প্রাতিষ্ঠানিক ই-মেইল আইডি প্রদানের উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। পর্যায়ক্রমে বাকি বিভাগের শিক্ষার্থীদেরকেও প্রাতিষ্ঠানিক ই-মেইল আইডি প্রদান করা হবে। এর মাধ্যমে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বিশ্বের বিভিন্ন দেশের সাথে একাডেমিক যোগাযোগ ও গবেষণা কার্যক্রম সুচারুরূপে চালিয়ে যেতে পারবে। একই সময়ে উপাচার্য মহোদয় একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ ও লোক প্রশাসন বিভাগের চেয়ারম্যানদের হাতে শিক্ষার্থীদের প্রদানের জন্য স্মার্ট আইডি কার্ড হস্তান্তর করেন। উল্লেখ্য ইতোপূর্বে বিশ্ববিদ্যালয়ের ১৪টি বিভাগের শিক্ষার্থীদেরকে এ স্মার্ট আইডি কার্ড প্রদান করা হয়েছিলো। বাকি বিভাগের শিক্ষার্থীদের স্মার্ট আইডি কার্ড প্রদানের কার্যক্রম পুনরায় এর মাধ্যমে শুরু হলো। এর আগে সকাল ১১টায় উপাচার্য মহোদয়ের সভাকক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় এবং গ্রামীন ফোনের মধ্যে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তির আওতায় গ্রামীন ফোন ববির শিক্ষার্থীদেরকে সল্লমূল্যের ইন্টারনেট সুযোগসহ সিম প্রদান করবে। যার মাধ্যমে শিক্ষার্থীরা ২১০ টাকায় ৩০দিন মেয়াদে ৩০জিবি ইন্টারনেট এবং ৯৯ টাকায় ৩০দিন মেয়াদে ১০জিবি ইন্টারনেট ব্যবহারের সুবিধা পাবে। এসময় বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন, রেজিস্টার (অ.দা.) বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, প্রক্টর, প্রভোস্ট, পরিচালক, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, শিক্ষকমন্ডলী, কর্মকর্তা এবং গ্রামীন ফোনের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস